



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড

প্রধান কার্যালয়

গ্রিন সিটি এজ (৬ষ্ঠ ও ৭ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।

অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখঃ ১৯ শ্রাবণ, ১৪৩৩
০৩ আগস্ট, ২০২৬

বিজ্ঞপ্তি

‘সিনিয়র অফিসার’ পদে নিয়োগের নিমিত্ত রিপোর্টিং প্রসঙ্গে

কোম্পানির সিনিয়র অফিসার পদে সরাসরি নিয়োগের লক্ষ্যে ৩০.১২.২০২৪ তারিখে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সূত্রে গৃহীত লিখিত ও মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নিম্নে বর্ণিত রোল নম্বরধারী ১৮ (আঠারো) জন প্রার্থীকে প্রাথমিকভাবে নির্বাচিত করা হয়েছেঃ

নির্বাচিত প্রার্থীদের রোল নম্বর (বাম থেকে ডানে মেধাক্রমানুসারে)	মোট প্রার্থী সংখ্যা
0104627, 0104213, 0112898, 0113835, 0112196, 0108995, 0107737, 0102486, 0113816, 0101162, 0102881, 0101817, 0104866, 0109014, 0103618, 0106222, 0114026, 0112850	১৮ (আঠারো) জন

০২। বর্ণিত রোল নম্বরধারী প্রার্থীগণকে কোম্পানির ওয়েবসাইট (<https://icml.gov.bd/pages/forms>) হতে পুলিশ ভেরিফিকেশন রোল (Verification Roll) ফর্ম ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক নিম্নোক্ত কাগজপত্রাদি ০২ (দুই) সেট ক্রমানুসারে সংযুক্ত করে আগামী ১৬ আগস্ট, ২০২৬ তারিখ রবিবার সকাল ১০:৩০ টায় উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন, আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড, প্রধান কার্যালয়, গ্রিন সিটি এজ (৬ষ্ঠ ও ৭ম তলা), ৮৯, কাকরাইল, ঢাকা এর নিকট রিপোর্টিং করার জন্য নির্দেশনা প্রদান করা হলোঃ

- রোল নম্বর, মোবাইল নম্বর ও ই-মেইল এড্রেস উল্লেখপূর্বক ‘সিনিয়র অফিসার’ পদে যোগদানে ইচ্ছুক মর্মে উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র;
- সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি সত্যায়িত রঙিন ছবি;
- লিখিত পরীক্ষার প্রবেশপত্র;
- আবেদনকালীন চলমান ডিগ্রি/আবেদন পরবর্তীকালীন সম্পাদিত স্নাতকোত্তর/সমমান ডিগ্রির সনদের সত্যায়িত কপি;
- অনলাইন আবেদনে উল্লিখিত সর্বশেষ অর্জিত ডিগ্রির স্বপক্ষে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের সত্যায়িত কপি;
- সকল শিক্ষাগত যোগ্যতার সনদ ও অভিজ্ঞতার সনদ (প্রয়োজ্য ক্ষেত্রে) এর সত্যায়িত কপি;
- প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেট অথবা স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর/পৌরসভার চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/জাতীয়তা সনদপত্রের সত্যায়িত কপি;
- জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
- কোটার স্বপক্ষে প্রমাণক হিসেবে প্রয়োজনীয় দলিলাদির সত্যায়িত কপি (প্রয়োজ্য ক্ষেত্রে)।

০৩। আগামী ১৬ আগস্ট, ২০২৬ তারিখ বর্ণিত রোল নম্বরধারী কোন প্রার্থী নির্দেশিত ফরম ও কাগজপত্র জমা প্রদানে ব্যর্থ হলে কোম্পানিতে নিয়োগের জন্য তিনি অযোগ্য বলে বিবেচিত হবেন এবং পরবর্তীতে কোন রকম অজুহাত/ওজর-আপত্তি গ্রহণযোগ্য হবে না। নিয়োগ সংক্রান্ত যেকোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আইসিএমএল কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(ইসরাত জাহান)

উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

অ্যাডমিনিস্ট্রেশন ডিভিশন

ফোনঃ ০২-৮৩০০৪২৯

ই-মেইলঃ career@icml.com.bd